

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ২৩৩৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১০৬২]

১৩। যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৪৬. ইসলামের প্রতি আকৃষ্ট করার জন্য মুয়াল্লিফাতে কুলুবকে দান করা এবং দৃঢ় ঈমানের অধিকারীকে না দেয়া প্রসঙ্গে

باب إِعْطَاءِ الْمُؤَلَّفَةِ قُلُوبُهُمْ عَلَى الإِسْلاَم وَتَصَبُّرِ مَنْ قَوِيَ إِيمَانُهُ

আরবী

حَدَّثَنَا رُهُيْرُ بْنُ حَرْب، وَعُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، وَإِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ، قَالَ إِسْحَاقُ أَخْبَرَنَا وَقَالَ الآخَرَانِ، حَدَّثَنَا جَرِيرٌ، عَنْ مَنْصُورٍ، عَنْ أَبِي وَائِل، عَنْ عَبْدِ اللَّهِ، قَالَ لَمَّا كَانَ يَوْمُ حُنَيْنِ آثَرَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم ناسًا فِي الْقِسْمَةِ فَأَعْطَى الأَقْرَعَ بْنَ عَابِسٍ مِائَّةً مِنَ الإِبلِ وَأَعْطَى عُيَيْنَةَ مِثْلَ ذَلِكَ وَأَعْطَى أُنَاسًا مِنْ أَشْرَافِ الْعَرَبِ وَآثَرَهُمْ عَيْوْمَئِذ فِي الْقِسْمَةِ فَقَالَ رَجُلٌ وَاللَّهِ إِنَّ هَذِهِ لَقِسْمَةٌ مَا عُدلَ فِيهَا وَمَا أُرِيدَ فِيهَا وَجُهُ اللّهِ يَوْمَئِذ فِي الْقِسْمَةِ فَقَالَ رَجُلٌ وَاللَّهِ إِنَّ هَذِهِ لَقِسْمَةٌ مَا عُدلَ فِيها وَمَا أُرِيدَ فِيهَا وَجُهُ اللّهِ . قَالَ فَقُلْتُ وَاللَّهِ لأَخْبِرَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم _ قَالَ _ فَأَتْيَتُهُ فَأَخْبَرْتُهُ . قَالَ _ فَأَتْيَتُهُ فَأَخْبَرْتُهُ وَلَا اللّهُ مَل كَالَ كَالصِرْفِ ثُمَّ قَالَ " فَمَنْ يَعْدِلُ إِنْ لَمْ يَعْدِلِ اللّهُ وَرَسُولُهُ " . قَالَ _ فَقَلَ يَعْدِلُ إِنْ لَمْ يَعْدِلِ اللّهُ وَرَسُولُهُ " . قَالَ ثُمَّ قَالَ " يَرْحَمُ اللّهُ مُوسَى قَدْ أُوذِي بِأَكْثَرَ مِنْ هَذَا فَصَبَرَ " . قَالَ قُلْتُ وَرَسُولُهُ " . قَالَ ثُمَّ قَالَ " يَرْحَمُ اللّهُ مُوسَى قَدْ أُوذِي بِأَكْثَرَ مِنْ هَذَا فَصَبَرَ " . قَالَ قُلْتُ وَرَسُولُهُ " . قَالَ ثُمَّ قَالَ " يَرْحَمُ اللّهُ مُوسَى قَدْ أُوذِي بِأَكْثَرَ مِنْ هَذَا فَصَبَرَ " . قَالَ قُلْتُ وَرَعُ إِلَيْهِ بَعْدَهَا حَدِيثًا .

বাংলা

২৩৩৭-(১৪০/১০৬২) যুহায়র ইবনু হারব, উসমান ইবনু আবৃ শায়বাহ ও ইসহাক ইবনু ইবরাহীম (রহঃ)
'আবদুল্লাহ (রাযিঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, যখন হুনায়নের যুদ্ধ সংঘটিত হলো রসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম গনীমতের মাল দেয়ার ব্যাপারে কতক লোককে প্রাধান্য দিলেন অর্থাৎ কতক লোককে বেশী দিলেন। সুতরাং তিনি আকরা ইবনু হাবিসকে একশ' উট দিলেন, উয়াইনাকেও অনুরূপ সংখ্যক উট দান করলেন এবং আরবের নেতৃস্থানীয় কিছু লোককেও অগ্রাধিকার দিলেন। এক ব্যক্তি বলল, আল্লাহর শপথ! এ বন্টন ইনসাফ ভিত্তিক হয়নি এবং এর মাধ্যমে আল্লাহর সম্ভষ্টির দিকেও লক্ষ্য রাখা হয়নি। বর্ণনাকারী বলেন, আমি তখন মনে মনে বললাম, আল্লাহর শপথ আমি এ কথা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে পৌছাব।

রাবী বলেন, আমি তার কাছে গিয়ে লোকটির উক্তি তাকে শুনালাম। ফলে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম



এর মুখমণ্ডল রক্তিম বর্ণ ধারণ করল। তিনি বললেনঃ আল্লাহ এবং তাঁর রসূলই যদি সুবিচার না করেন তাহলে কে আর ইনসাফ করবে? তিনি পুনরায় বললেনঃ আল্লাহ তা'আলা মূসা (আঃ) কে রহমত করুন, তাকে এর চেয়েও বেশী কষ্ট দেয়া হয়েছে। কিন্তু তিনি ধৈর্য ধারণ করেছেন। বর্ণনাকারী বলেন, আমি মনে মনে সিদ্ধান্ত নিলাম আজ থেকে আর কখনো এ ধরনের কোন ব্যাপার তাকে জানাব না। (কেননা এতে তার কষ্ট হয়)। (ইসলামিক ফাউন্ডেশন ২৩১৫, ইসলামীক সেন্টার ২৩১৬)

English

Abdullah reported:

On the day of Hunain, the Messenger of Allah () showed preference (to some) people in the distribution of the spoils. He bestowed on Aqra' b. Habis one hundred camels, and bestowed an equal (number) upon 'Uyaina, and bestowed on people among the elites of Arabia, and preferred them (to others) on that day, in the distribution (of spoils). Upon this a person said: By Allah, neither justice has been done in this distribution (of spoils), nor has the pleasure of Allah been sought in it. I (the narrator) said: By Allah, I will certainly inform the Messenger of Allah () about it. I came to him and informed him about what he had said. The colour of his (the Prophet's) face changed red like blood and he then said: "Who would do justice, if Allah and His Messenger do not do justice?" He further said: "May Allah have mercy upon Moses; he was tormented more than this, but he showed patience." I said: Never would I convey him (the Holy Prophet) after this (unpleasant) narration.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন